

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রিটার্নিং অফিসারের কার্যালয়, জেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
চট্টগ্রাম।
www.chittagong.gov.bd.

স্মারক নং-০৫.৪২.১৫০০.২০২.০৭.০৫৪.২৩- ৬৬৬


তারিখ: ০৭ চৈত্র ১৪২৯
২১ মার্চ ২০২৩

বিষয় : বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩ উপলক্ষে জারীকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্র : এ কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.১৫০০.২০২.০৭.০৫৪.২৩-৩৬৭, তারিখ: ২১/০৩/২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ পরিচালনার লক্ষ্যে নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা ও পরিপত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়সূচির সাথে সংগতি রেখে ও বিভিন্ন সময়সীমার সাথে সমন্বয়পূর্বক সকল কার্যক্রম জারীকৃত নির্দেশনা অনুসারে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা এর ক:ভোটার তালিকা সংক্রান্ত নির্দেশিকা এর ২ অনুচ্ছেদে বর্ণিত দাবি, আপত্তি, সংশোধনী গ্রহণ ও নিষ্পত্তিকরণ বিষয়ে উল্লিখিত নীতিমালা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে নীতিমালায় বলা হয়েছে ভোটার তালিকা কেন্দ্রীয়ভাবে করা হয়েছে বিধায় অনুরূপ দাবি/আপত্তি(যদি থাকে) প্রাপ্তির পরদিন আবশ্যিকভাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলায় (ই-মেইল acgeneralctg@gmail.com) এ প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া চূড়ান্ত ভোটার তালিকা ও নির্বাচন সংক্রান্ত যেকোন বিষয়ে জনাব মোহাম্মদ মনির হোসেন, সিনিয়র সহকারী সচিব (মোবাইল নম্বর: ০১৭৪০৯৫৮২২১) এবং জনাব শরন কুমার বড়ুয়া, সহকারী সচিব(প্রশাসন-১) (মোবাইল নম্বর: ০১৮১৫৪৫৬৮৭৪), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২। এমতাবস্থায়, নিয়োগকৃত রিটার্নিং অফিসারগণ নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত পরিপত্র ও নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা এবং সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসারে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


রাবিক হোসেন

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)

ও

রিটার্নিং অফিসার, জেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
চট্টগ্রাম।

ফোন: ০১৭৩৩৩৩৪৩১০

ই-মেইল:adcgeneralctg@gmail.com

বিতরণ (সদয় কার্যার্থে):

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) ও রিটার্নিং অফিসার, মহানগর কমান্ড নির্বাচন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩, চট্টগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড নির্বাচন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩, চট্টগ্রাম।

অনুলিপি :

স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।